JAN. 27 2001

দৈনিক জনকণ্ঠ

# ১৩ মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা সম্পন্ন ॥ ১৫শ' আসনে প্রার্থী ১৩ হাজার

**স্টাফ রিপোর্টার** ॥ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে শুক্রবার দেশের ১৩টি মেডিক্যাল কলেজে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রায় ১৫শ' আসনের বিপরীতে সারা দেশে ১৩ হাজার ৭শ' ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেয়। প্রতি আসনের বিপরীতে পরীক্ষার্থী ছিল নয় জন। ঢাকা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে ভর্তি সম্পন্ন হওয়ায় মেডিক্যালে ভর্তিচ্ছুর সংখ্যা বিগত বছরের তুলনায় বেশ কম ছিল। শুক্রবার রাজধানীতে বুয়েট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে মেডিক্যালে ভর্তিচ্ছুদের পরীক্ষাকেন্দ্র ছিল। এই দু'টি ক্যাম্পাসে ছুটির দিনে ভর্তিচ্ছুদের বিপুলসংখ্যক অভিভাবক ভিড় জমান। মেডিক্যাল শিক্ষার পরিচালক শাহ মনির হোসেন বলেছেন, শান্তিপূর্ণভাবে সারা দেশে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।